

## কোটেশন দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, রাজশাহী সহ ১২টি এলএসডিতে রক্ষিত পুরাতন অব্যবহৃত/অকেজো মালামাল যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে (সংযুক্ত তালিকা/কোটেশন দরপত্র বিজ্ঞপ্তির সিডিউল মোতাবেক) বিক্রয়ের জন্য আহ্বানী ক্রেতাগণের নিকট হতে সিল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র সিডিউল ১১/৯/২০২৩ খ্রিঃ তারিখ হতে ২৮/৯/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন (সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত) সময়ে কোটেশন দরপত্র বিজ্ঞপ্তির সিডিউল বিনামূল্যে সংগ্রহ করা যাবে। কোটেশন দরপত্র জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বরাবরে দাখিল করতে হবে। আগামী ০১/১০/২০২৩ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী ও জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী এ রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে। দরপত্র গ্রহণ শেষে ঐ দিন বেলা ২.০০ ঘটিকার সময় উপস্থিত দরপত্র দাতাগণের (যদি কেউ উপস্থিত থাকেন) সম্মুখে খোলা হবে। উল্লেখ্য, ০১/১০/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ৩.০০ ঘটিকায় দরপত্র মূল্যায়ন পূর্বক যোগ্য দরদাতা নির্বাচন করা হবে।

দরপত্র দাখিলের শর্তাবলী :

- ১। দরপত্রে দরপত্র দাতার পুরো নাম, ঠিকানা, স্বাক্ষর ও তারিখ স্পষ্ট অক্ষরে লিখতে হবে। খামের উপরও দরপত্র দাতার নাম, ঠিকানা এবং প্রাপক, জেলা খাদ্য নিয়ন্ত্রক বরাবর লিখতে হবে।
- ২। আহ্বানী দরদাতা ব্যক্তিগতভাবে সরেজমিনে উপস্থিত হয়ে যে কোন দিন (ছুটির দিন ব্যতিত) অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহিত যোগাযোগপূর্বক বিজ্ঞপ্তিতে জারীকৃত অকেজো মালামাল দেখতে পারবেন।
- ৩। দরপত্রে প্রদত্ত দরের ক্ষেত্রে অংকে ও কথায় দর লিখতে হবে। প্রতিটি মালামালের জন্য একক দর ও মোট দর উল্লেখ করতে হবে। মালামালের আংশিক দরপত্র গ্রহণযোগ্য হবে না। কোনো কাটাকাটি, ঘষামাজা কিংবা ফুইড ব্যবহার করা হলে দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ৪। দরপত্র দাতা সিডিউল গ্রহণের সময় জামানত হিসেবে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা তফসীলভুক্ত যে কোন ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা প্রদান করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ছাড়া অন্য কোন প্রকার চেক বা নগদ অর্থ গ্রহণ করা হবে না।
- ৫। কর্তৃপক্ষ কর্তৃক নির্বাচিত সর্বোচ্চ দরপত্র দাতার জামানত বাদে অন্যান্য সকল দরপত্র দাতাগণের জামানত দরপত্র কমিটি কর্তৃক সিদ্ধান্ত গ্রহণের পর বিমুক্ত করা হবে।
- ৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহীকে সম্বোধন করে নিজস্ব প্যাডে দরপত্র দাখিল করতে হবে।
- ৭। দরপত্র দাখিলের সময় দরদাতাকে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, পাসপোর্ট সাইজের ০১(এক) কপি ছবি সংযুক্ত করতে হবে।
- ৮। দরপত্র কমিটি কর্তৃক দর অনুমোদনের পর কৃতকার্য দরপত্র দাতার নামে কার্যাদেশ জারি করা হবে। কার্যাদেশ জারির ০৭(সাত) দিনের মধ্যে অকেজো মালামালের মোট মূল্যের উপর ১০% হারে অগ্রিম আয়কর এবং ১০% হারে ভ্যাটসহ সমুদয় মালামালের মূল্য অত্র দপ্তরের নেজারত শাখা হতে চালান পাশ করিয়ে ট্রেজারি চালানোর মাধ্যমে সাকুল্য টাকা জমা দিয়ে উল্লেখিত মেয়াদের মধ্যে সম্পূর্ণ মালামাল উত্তোলন করতে হবে। ব্যর্থতায় দরপত্রের সাথে দাখিলকৃত জামানতের টাকাসহ চালানোর জমাকৃত সমুদয় টাকা সরকারি খাতে বাজেয়াপ্ত করা হবে। এছাড়া সরকার কর্তৃক আয়কর ও ভ্যাটের হার পরিবর্তিত হলে সেই হারে আয়কর ও ভ্যাট কর্তনযোগ্য হবে।
- ৯। কার্যাদেশ প্রাপ্ত দরদাতা কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় মালামাল উত্তোলনের পর তাকে জামানত ফেরত দেয়া হবে।
- ১০। দর প্রস্তাব দাতা বা তার ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধি কর্তৃক কোটেশন পূরণ ও প্রতি পাতায় স্বাক্ষরিত হতে হবে।
- ১১। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান অকেজো মালামালের কার্যদর কিংবা পরিমাণ বিষয়ে পরবর্তীতে কোন প্রকার আপত্তি/আবেদন গ্রহণযোগ্য নহে।
- ১২। দরপত্র কমিটি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল/সংশোধন অথবা সমস্ত দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।


  
(মোঃ ওমর ফারুক)

জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

রাজশাহী


ও সদস্য সচিব

জেলা অকেজো মালামাল নিষ্পত্তি সংক্রান্ত কমিটি।



অনুলিপিঃ সদয় অবগতি/অবগতির জন্য :-

- ১। মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, প্রশাসন/হিসাব ও অর্থ/চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, রাজশাহী।
- ৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী ও সভাপতি, জেলা অকেজো মালামাল নিষ্পত্তি সংক্রান্ত কমিটি।
- ৬। পুলিশ সুপার, রাজশাহী।
- ৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, রাজশাহী।
- ৮। সাইলো সুপারিনটেনডেন্ট, সান্তাহার সাইলো, বগুড়া।
- ৯। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ১০। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পবা/মোহনপুর/বাগমারা/তানোর/গোদাগাড়ী/পুঠিয়া/দুর্গাপুর/বাঘা/চারঘাট, রাজশাহী।
- ১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, রাজশাহী সদর/নওহাটা/গোদাগাড়ী/খেতুররোড/তানোর/কামারগাঁ/মোহনপুর/ভবানীগঞ্জ/দুর্গাপুর/পুঠিয়া/চারঘাট/বাঘা এলএসডি, রাজশাহী।
- ১২। হিসাব/নেজারত শাখা, অত্র দপ্তর।
- ১৩। নোটিশ বোর্ড, অত্র দপ্তর/জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী/বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
- ১৪। অফিস কপি।



(মোঃ ওমর ফারুক)  
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

রাজশাহী

ও সদস্য সচিব

জেলা অকেজো মালামাল নিষ্পত্তি সংক্রান্ত কমিটি।

